



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
পটুয়াখালী সদর, পটুয়াখালী।



পত্র নং ৩৩.০২.৭৮৯৫.৫০১.২৭.০০৪.১৯-১৫৪

তারিখঃ ১৬/০৯/২০২১ খ্রি.

কোটেশন বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রাজস্ব খাতের আওতায় ২০২১-২০২২ অর্থবছরে পটুয়াখালী সদর উপজেলাধীন অভ্যন্তরীণ জলাভূমি/বর্ষাপ্লাবিত খানক্ষেত/প্লাবনভূমি/প্রাতিষ্ঠানিক জলাশয়ে জীবন্ত পোনামাছ অবমুক্তির জন্য নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে ২০০০০/- (দুই লক্ষ) টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে (স্মারক নং ৩৩.০২.০০০০.১১৭.০৪.০২৩.২১.১১৬৯, তারিখ-১৫/০৯/২০২১ খ্রি.)। সরকারিভাবে জীবন্ত পোনা মাছ অবমুক্তি কার্যক্রম বাস্তবায়নের জন্য নিম্নোক্ত শর্তে নির্ধারিত স্পেসিফিকেশন মোতাবেক প্রকৃত পোনা উৎপাদনকারী/ পোনা ব্যবসায়ীদের নিকট থেকে সিলগালাকৃত খামে কোটেশন আহ্বান করা হচ্ছে। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, পটুয়াখালী সদর, পটুয়াখালী হতে ১৬/০৯/২০২১ খ্রি. থেকে ২২/০৯/২০২১ খ্রি. তারিখ পর্যন্ত অফিস সময়ে বিনামূল্যে কোটেশন দলিল পাওয়া যাবে। আগামী ২৩/০৯/২০২১ খ্রি. তারিখ দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পটুয়াখালী সদর, পটুয়াখালী মহোদয়ের দপ্তরে রক্ষিত দরপত্র বাক্সে কোটেশন গ্রহণ করা হবে এবং একই দিন দুপুর ১২.০০ ঘটিকায় উপস্থিত কোটেশন দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকে) কোটেশন খোলা হবে। নির্ধারিত সময়ের পরে কোন অবস্থায় কোটেশন গ্রহণ করা হবে না। কর্তৃপক্ষ যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে কোটেশন গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

স্পেসিফিকেশন:

ক্র/নং	জীবন্ত পোনা মাছের বিবরণ (%)	সরবরাহের স্থান	জীবন্ত পোনা মাছের আকার (সে.মি.)
১	২	৩	৪
০১	সরবরাহকৃত মোট পোনার রুই ৪০%	নির্ধারিত স্থান	১০-১৫ সে. মি. আকারের সুস্থ-সবল পোনা
০২	সরবরাহকৃত মোট পোনার কাতল ৩০%		
০৩	সরবরাহকৃত মোট পোনার মৃগেল/কালিবাউস ৩০%		

শর্তাবলিঃ

- কোটেশন দাখিলের পূর্বে পোনা অবমুক্তির স্থান বা জলাশয় জেনে স্পেসিফিকেশন অনুযায়ী নিজ খরচে পোনামাছ সরবরাহ করতে হবে।
- সরবরাহকৃত পোনামাছ অবশ্যই সুস্থ ও সবল হতে হবে। কোনক্রমেই দুর্বল বা রোগাক্রান্ত ১০ সি. মি. এর ছোট পোনা গ্রহণ করা হবে না।
- সিলগালাকৃত খামের উপর অংশে সুস্পষ্ট অক্ষরে কোটেশন শব্দ লিখে কোটেশন দাখিল করতে হবে।
- কোটেশনে বর্ণিত প্রতিকেজি পোনার গড় দর স্পষ্টাক্ষরে অংকে ও কথায় উল্লেখ করতে হবে। কোন প্রকার কাটা-কাটি ওভার রাইটিং করা কোটেশন গ্রহণ করা হবে না।
- উদ্ধৃত দরের ৫% জামানত হিসেবে যে কোন সিডিউল ব্যাংকে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (ফেরত যোগ্য) এর মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর বরাবরে কোটেশনের সাথে দাখিল করতে হবে।
- সর্বমোট ২০০০০/= (দুই লক্ষ) টাকার পোনা ক্রয় করা হবে।
- পোনা সরবরাহকারীকে অবশ্যই প্রকৃত পোনা ব্যবসায়ী বা উৎপাদনকারী হতে হবে এবং সংক্রান্ত হাল সনের ট্রেড লাইসেন্স ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি কোটেশনের সাথে দাখিল করতে হবে।
- সকল পোনা কার্যাদেশে উল্লিখিত তারিখে সরবরাহ করতে হবে। কার্যাদেশে বর্ণিত তারিখের পরে কোন পোনা গ্রহণ করা হবে না।
- পোনামাছ বুঝিয়ে দেয়ার পর কোটেশন দাতাকে দুই প্রস্থ বিল দাখিল করতে হবে এবং সরকারি নিয়ম অনুযায়ী বিলের টাকা পরিশোধ করা হবে।
- দরপত্র চূড়ান্তকরণের জন্য কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য করা হবে।

16.09.21

মু. মাহফুজুর রহমান
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা (নি. বে.)
পটুয়াখালী সদর, পটুয়াখালী।
তারিখঃ ১৬/০৯/২০২১ খ্রি

পত্র নং ৩৩.০২.৭৮৯৫.৫০১.২৭.০০৪.১৯-১৫৪/১(১০)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- জেলা মৎস্য কর্মকর্তা, পটুয়াখালী।
- উপজেলা নির্বাহী অফিসার, পটুয়াখালী সদর, পটুয়াখালী।
- উপজেলা কৃষি/প্রাণিসম্পদ/সমাজসেবা অফিসার, পটুয়াখালী সদর, পটুয়াখালী। ২৩/০৯/২০২১ খ্রি. তারিখে উপস্থিত থেকে দরপত্র যাচাই-বাহাই ও মূল্যায়নের জন্য অনুরোধ করা হলো।
- দপ্তর নথি/নোটিশ বোর্ড, উপজেলা নির্বাহী অফিসারের দপ্তর/ সিনিয়র উপজেলা মৎস্য অফিসারের দপ্তর, পটুয়াখালী সদর, পটুয়াখালী এবং
www.fisheries.sadar.patuakhali.gov.bd.

16.09.21
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা (নি. বে.)
পটুয়াখালী সদর, পটুয়াখালী।